দৈনিক বাংলা

তারিখ ··· 05 JUL 1995 ··· ···
পৃষ্ঠা ··· ৮ ··· কলাম ··· ১ ····

# বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির প্রস্তাবিত অনশন ধর্মঘট প্রত্যাহার

বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি তাদের ৬ জুলাই'র প্রস্তাবিত অনশন ধর্মঘট প্রত্যাহার করেছে। মঙ্গলবার রাতে সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। খবর বাসস'র।

খাদ্য ও কৃষিমন্ত্রী আবদুল মান্নান ভুঁইয়ার উপস্থিতিতে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব কাজী রকিবউদ্দীনের সঙ্গে ফলপ্রসূ আলোচনার পর এ অনশন ধর্মঘট বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়।

মন্ত্রীর সরকারী বাসভবনে এই আলোচনা অনুষ্ঠিত হয়। সমিতির সভাপতি মোফিকুল হাসান তৃপ্তি এবং মহাসচিব আলহাজ আক্কাছ আলী শেখ আলোচনায় অংশগ্রহণ করেন।